

# মনন

*Multi-Disciplinary & Peer-Reviewed Journal*

*Vol. 9<sup>th</sup> Issue 2<sup>nd</sup>, April, 2019*

*UGC Approved Journal No. 40975*

সম্পাদক

সৌরভ বর্মন

মনন

গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগণা, পিন - ৭৪৩২৭৩

## বেতার নাটক ও নাট্যকার মৃত্যুঞ্জয় মাইতি : প্রেক্ষিত 'প্রসন্ন সকল'

তারা পদ বেরা\*

সারসংক্ষেপ : একটি পরিমার্জিত ও পরিশীলিত শাখা নাটক। আবার এই নাটকের একটি ধারা হলো 'বেতার নাটক' যা কখনো চোখে দেখা যায় না। অনুভব ও কল্পনা এই শ্রেণির নাটককে দৃষ্টিনন্দন করে তোলে। বেতার নাটক এক কথায় বেতার যন্ত্র মাধ্যমে শ্রুত নাটক। বেতার নাটকে মঞ্চ নেই, অথচ অভিনয় আছে; দৃশ্য নেই, তবু শব্দের দ্বারা দেখার দাবী মেটাতে হয়। অর্থাৎ কেবল মাত্র শোনবার উদ্দেশ্যে অভিনয় গল্পে যখন সংলাপ, শব্দ, নৈঃশব্দ ও সুর সংযোজিত হয় তখন তাই বেতার নাটক। আর বিজ্ঞানের উন্নত প্রযুক্তির নানান মাধ্যম আসার ফলে বেতার যন্ত্রটি প্রায় লুপ্ত। এই লুপ্তপ্রায় মাধ্যমটি যাতে পুনরায় তার স্থান ফিরে পেয়ে আমাদের মনের শূন্যস্থানগুলি পূরণ করে তারই জন্য এই প্রায়স।

পুরাণে কথিত আছে, মহাভারতে, পাণ্ডব ও কৌরবদের যুদ্ধকালে অস্ত্র ধৃতরাষ্ট্রের সঞ্জয় বর্ণনা দেখে দেখে এমন ভাবে শোনাতেন যে ধৃতরাষ্ট্রের চোখের সামনে সমস্ত ঘটনা জীবন্ত হয়ে উঠত। হাসি-কান্না, দুঃখ-বেদনা সমস্ত আবেগ সংস্কারিত হয়ে উঠেছিল সেই বাচন ভঙ্গির মধ্য দিয়ে। সেই ভাবনার সূত্র ধরেই বেতার নাটকের সূচনা হয়। অথচ বৈদিক যুগে বেদের অপর নাম শ্রুতি। কারণ বেদও নাকি শুনে শুনে মনে রাখতে হতো কিংবা গুরুগৃহে প্রাচীন কালে শিষ্যরা গুরুর কথা শুনে শুনে মনে রাখত। তাই বিভিন্ন রূপ নয়, মৌখিক রূপ ও শ্রবণেন্দ্রিয়ের উপর নির্ভর করে চলত তখনকার দিনের শিক্ষা ব্যবস্থার অগ্রগতি। আর এইসব ভাবনার সূত্র ধরেই সূচনা হয় বেতার নাটকের। এর সময় বাড়িতে বসে রেডিও -এর মাধ্যমে বিনোদন ছিল মানুষের মনেরঞ্জন এবং জনশিক্ষার অন্যতম উপায়। বেতার নাটকের প্রচলন কম-বেশি অনেক আগে থেকেই শুরু হয়েছিল। পরবর্তীকালে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র বেতার নাটকের দায়িত্ব নেওয়ার বিশেষ শিল্পটির প্রাণ প্রতিষ্ঠা ঘটে। তার উজ্জ্বল উদাহরণ 'মহালয়া', একে বলা হয় অক্ষয় সিনেমা। বেতার নাটকের নাট্যকার হিসেবে যাঁরা কৃতিত্ব দেখিয়েছেন - নিরুপম মিত্র

\*অধ্যাপক, বাংলা বিভাগ, তামলিপু মহাবিদ্যালয়।